

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৮৬

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ যে হাদীস অগভীর জ্ঞানের অধিকারী ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো আমাদের পূর্বে উল্লেখিত আবৃ মুর্রার হাদীসের বিপরীত

ذِكْنُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّهُ مُضَادُّ لِخَبَرِ أَبِي مُرَّةَ الذي ذكرناه

আরবী

1186 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ بِشْرِ بْنِ الْمُطَّلِبِ بْنِ عَبْدِ الْحَكَمِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ ابْنِ طَاوُسٍ عَنِ الْمُطَّلِبِ بْنِ عَبْدِ الْحَكَمِ قَالَ: مَنْ أُمِّ هَانِئٍ قَالَتْ: نَزَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِأَعْلَى مَكَّةَ اللَّهِ بْنِ حَنْطَبٍ عَنْ أُمِّ هَانِئٍ قَالَتْ: نَزَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِأَعْلَى مَكَّةَ فَأَتَيْتُهُ فَجَاءَهُ أَبُو ذَرِّ بِجَفْنَةٍ فِيهَا مَاءٍ قَالَتْ: إِنِّي لَأَرَى فِيهَا أَثَرَ الْعَجِينِ قَالَتْ: فَسَتَرَهُ أَبُو ذَرِّ بِجَفْنَةٍ فِيهَا مَاءٍ قَالَتْ: إِنِّي لَأَرَى فِيهَا أَثَرَ الْعَجِينِ قَالَتْ: فَسَتَرَهُ أَبُو ذَرِّ بِجَفْنَةٍ فِيهَا مَاءٍ قَالَتْ: إِنِّي لَأَرَى فِيهَا أَثَرَ الْعَجِينِ قَالَتْ: فَسَتَرَهُ أَبُو ذَرِّ بِجَفْنَةٍ فِيهَا مَاءٍ قَالَتْ: إِنِّي لَأَرَى فِيهَا أَثَرَ الْعَجِينِ قَالَتْ: فَسَتَرَهُ أَبُو ذَرِّ بِجَفْنَةٍ فِيهَا مَاءٍ قَالَتْ: إِنِّي لَأَرَى فِيهَا أَثَنَ الْتَهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبَا ذَرٍ فَاغْتَسَلَ ثُمَّ صَلَّى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبَا ذَرٍ فَاغْتَسَلَ ثُمَّ صَلَّى النَّبِيُّ صَلَّى النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبَا ذَرٍ فَاغْتَسَلَ ثُمَّ مَانَ رَكَعَاتٍ وَذَلِكَ فِي الضَّحَى.

الراوي: أُمّ هَانِئٍ بِنْت أَبِي طَالِبٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح أبن حبان

الصفحة أو الرقم: 1186 | خلاصة حكم المحدث: ضعيف منكر.

قَالَ أَبُو حَاتِم رَضِيَ اللَّهُ عَنْهُ: يُشْبِهُ أَنْ يَكُونَ الْمُصِطْفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَيْثُ اغْتَسَلَ يَوْمَ الْفَتْحِ سَتَرْتَهُ فَاطِمَةُ ابْنَتُهُ وَأَبُو ذَرِّ جَمِيعًا بِثَوْبِ فَأَدَّى أَبُو مُرَّةَ مَوْلَى أُمِّ هَانِئِ الْخَبَرَ بِذِكْرِ فَاطِمَةَ وَحْدَهَا وَأَدَّى الْمُطَّلِبُ بْنُ حَنْطَبِ الْخَبَرَ بِذِكْرِ أَبِي ذَرِّ وَحْدَهُ حَتَّى لَا الْخَبَرَ بِذِكْرِ أَبِي ذَرِّ وَحْدَهُ حَتَّى لَا الْخَبَرَ بِذِكْرِ أَبِي ذَرِّ وَحْدَهُ حَتَّى لَا يَكُونَ بَيْنَ الْخَبَرَيْنِ تَضَادُ وَلَا تَهَاتُرٌ لِأَنَّ الِاغْتِسَالَ مِنْهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي ذَلِكَ الْيَوْمِ كَانَ مَرَّةً وَاحِدَةً فَلَمَّا أَرَادَ أَبُو ذَرِّ أَنْ يَغْتَسِلَ سَتَرَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دون فاطمة.

বাংলা



১১৮৬. উম্মু হানী রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কার উচু এলাকায় যাত্রা বিরতি করেন। অতঃপর আমি তাঁর কাছে আসি, আবূ যার্র রাদ্বিয়াল্লাহু আনহু তাঁর কাছে এক পাত্র পানি নিয়ে আসেন। উম্মু হানী রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "নিশ্চয়ই আমি তাতে আটার খামীরের চিহ্নু দেখতে পাই। তারপর আবূ যার্র তাঁকে পর্দা করেন, তিনি গোসল করেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবূ যার্র রাদ্বিয়াল্লাহু আনহুকে পর্দা করেন, ফলে তিনি গোসল করেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আট রাকা'আত সালাত আদায় করেন। এটা ছিল চাশতের সময়।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "হতে পারে যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম গোসল করেন, তখন একই কাপড়ে তাঁর মেয়ে ফাতিমা রাদ্বিয়াল্লাহু আনহা এবং আবৃ যার্র রাদ্বিয়াল্লাহু আনহু দুই জনই পর্দার ব্যবস্থা করেছিলেন। অতঃপর উম্মু হানীর আজাদকৃত দাস আবৃ মুর্রা তাঁর হাদীসে শুধু ফাতিমা রাদ্বিয়াল্লাহু আনহার কথা বর্ণনা করেছেন আর মুন্তালিব বিন হানতাব তার হাদীসে শুধু আবৃ যার্র রাদ্বিয়াল্লাহু আনহুর কথা বলেছেন।

আমরা হাদীসটির এভাবে ব্যাখ্যা করলাম যাতে উভয় হাদীসের মাঝে কোন বৈপরীত্ব ও দ্বন্দ্ব না থাকে। কেননা ঐ দিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবারই গোসল করেছিলেন। অতঃপর যখন আবূ যার্র রাদ্বিয়াল্লাহু আনহু যখন গোসল করতে চান, তখন ফাতিমা রাদ্বিয়াল্লাহু আনহা নয়; বরং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে পর্দা করে ঢেকে রাখেন।"

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২৩৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৮৬০; মুসনাদ আহমাদ: ৬/৩৪১; তাবারানী: ২৪/৪২৬; সুনান বাইহাকী: ১/৮; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ২/২৬৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ মুনকার বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১১৮৬।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু হানী বিনতু আবূ তালিব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন